

তৃতীয় আন্তর্জাতিক পার্টিশন সেমিনার

বাংলার
পার্টিশন
'কথা'



২৯ ফেব্রুয়ারি ও
১ মার্চ, ২০২০

রিফুজি-বর্ডার-নাগরিকত্ব-স্মৃতি ও সাহিত্য

শুভ উদ্বোধন

www.cltnsou.in

'বেঙ্গল পার্টিশন রিপোসিটরি'

বাংলার পার্টিশন বিষয়ক
একটি ডিজিটাল সংগ্রহশালা

দেবেশ রায়

প্রফুল্ল রায়

মাহফুজ আনম

তপোধীর ভট্টাচার্য

ফকরুল আলম

অমর মিত্র

ভাষা, অনুবাদ ও সংস্কৃতি চর্চা কেন্দ্র
নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়

* প্রবেশ আমন্ত্রণমূলক

ডিডি ২৬, সেক্টর ১,
সল্টলেক সিটি, কলিকাতা ৬৪



সংক্ষিপ্তসার ও অনলাইন রেজিস্ট্রেশন ফর্ম
জমা দেবার শেষ দিন: ৭ ফেব্রুয়ারি, ২০২০

রেজিস্ট্রেশন ফি জমা দেবার শেষ দিন: ১২ ফেব্রুয়ারি

আসন: ৪৫

সেমিনারটি দ্বিভাষিক (বাংলা ও ইংরেজি)

ডিডি২৬, সেক্টর ১, সল্টলেক সিটি, কলিকাতা ৬৪

যোগাযোগ

mkmnsou@gmail.com

intajalinsou@gmail.com,

sharmistha2005@gmail.com

uttam.beng@presiuniv.ac.in

www.cltcsnsou.in

আমন্ত্রিত বক্তা

সাধন চট্টোপাধ্যায়, অধ্যাপিকা ড গোপা দত্ত ভৌমিক,
অধ্যাপক সঞ্জয় মুখোপাধ্যায়, অধ্যাপিকা নন্দিনী ভট্টাচার্য,
অধ্যাপক হিমাদ্রী লাহিড়ি, যতীন বালা, সসীমকুমার বাঁড়ে,
ড বরেন্দ্র মণ্ডল, ড শর্মিষ্ঠা চ্যাটার্জি (শ্রীবাস্তব), জীবন ভট্টাচার্য,
বর্ণা বসু, সংযুক্তা সিনহা, অমূল্যরতন বিশ্বাস

বেঙ্গল পার্টিশন রিপোসিটরি প্রসঙ্গে

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত ‘সেন্টার ফর ল্যান্ডস্কেপ, ট্রান্সলেশন এণ্ড কালচারাল স্টাডিজ’ বাংলার পার্টিশন বিষয়ক একটি ডিজিটাল সংগ্রহশালা গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করেছে। এই উদ্যোগের সূত্রপাত ঘটেছিল ২০১৪সালের ৮-১০ ফেব্রুয়ারি আয়োজিত একটি আন্তর্জাতিক আলোচনাচক্রের মধ্যে দিয়ে। পরবর্তীতে ইউ জি সি গবেষণা প্রকল্পের (২০১৫-১৬ ও ২০১৬-১৭) প্রাতিষ্ঠানিক সীমাবদ্ধতা কাটিয়ে গবেষণা প্রকল্পটিকে ছড়িয়ে দেওয়ার উদ্যোগ নেওয়া হয়। পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথ গবেষণা প্রকল্প গ্রহণ করা হয়—যা সম্ভব হয়েছিল একটি মুক্ত বিশ্ববিদ্যালয়ের পরিসরকে কাজে লাগিয়ে। মূল লক্ষ্য ছিল ১৯৪৭ ও ১৯৭১ সালের অভিজ্ঞতা সম্পন্ন মানুষের স্মৃতি ও তাঁদের লেখালিখি, ব্যক্তিগত স্মারক সংগ্রহ। মানববিদ্যা চর্চার আন্তর্বিদ্যায়তনিক পরিসরে ‘আর্কাইভাল ডকুমেন্টেশন’ থেকে কিছুটা সরে এসে বাংলার পার্টিশন বিষয়ক একটি সংগ্রহশালা গড়ে তোলা; নিশ্চিতভাবেই যা কোনোদিন শেষ হবার নয়। এই প্রয়াসে নিরলসভাবে কাজ করেছেন সারা পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার প্রায় ৫০ জন আগ্রহী গবেষক, শিক্ষক ও অধ্যাপক। সমগ্র কাজটির একটি পর্যায় এবার উন্মুক্ত করার সময় হয়েছে। পরবর্তীতে কাজ এগিয়ে নিয়ে যাওয়ার জন্যই সে কাজ জরুরি হয়ে পড়েছে।

আলোচনাচক্র প্রসঙ্গে

তৃতীয় আন্তর্জাতিক আলোচনাচক্রের শিরোনাম করা হয়েছে ‘পার্টিশন কথা’। বাংলার পার্টিশন বিষয়ক আখ্যানের বহুমাত্রিক পরতে লুকিয়ে থাকা বাস্তবতা, খণ্ডিত জীবনের আততি কিংবা পুনর্গঠিত জীবনের প্রতি অপ্রমেয় ভালবাসা কি বাংলা সাহিত্যের কোনো নতুন প্রবণতাকে চিহ্নিত করেছে? ভারতীয় পার্টিশন-আখ্যানের চেনা ছকের বাইরে বাংলার পার্টিশন আখ্যান কোন নতুন ইশারা নিয়ে আসে। উপর্যুপরি তিনবার ভাঙনের স্মৃতি কীভাবে ‘রিফ্যুজি’ শব্দবন্ধের এক নতুন তাৎপর্য তৈরি করে এই বাংলায়—যা বাংলা ভাষায় গৃহিত একটি ‘বিদেশি’ শব্দবিশেষ ‘রিফ্যুজি’র অর্থতাৎপর্যকে অতিক্রম করে যায়। যে বাংলায় পার্টিশন স্মৃতির আখ্যানে দেখা যায় নারী তার ‘নীরবতা’ ভেঙে খানখান করে ঘরের বাইরে বেরিয়ে ‘আধুনিকা’ হয়ে ওঠে।

পার্টিশন বিষয়ক বাংলার সাহিত্য ও লেখালিখির চর্চায় থেকে গেছে এক পরিকল্পিত অবজ্ঞা অথবা বাংলা ভাষার উদ্দীপিত পরিসরে বাংলাদেশের পাশে পশ্চিমবঙ্গীয় পরিসরের নানাবিধ প্রেক্ষিতগত অসাম্য। নানা কারণে বাংলার পার্টিশন আখ্যান বদলে গেছে নতুন জীবন পুনর্গঠনের কাহিনিতে। ভারতবর্ষীয় বহুভাষিকতার মধ্যে বাংলা ভাষার স্থানান্তর বাংলার পার্টিশন চর্চাকে প্রভাবিত করেছে। এখানের সীমান্তে কোনো ‘কাশ্মীর’ নেই—ভালবাসা নিরন্তর বয়ে গেছে নদী বরাবর; যাতায়াত, ব্যবসা-বাণিজ্য ও আদান-প্রদানের ক্ষেত্রে বাংলা ভাষার অমোঘ অস্তিত্ব নিরবধি কাজ করে গেছে। স্মৃতি আছে, বিস্মরণ আছে, অসূয়া আছে, গুজবের ভয়াত শীৎকার লোকমুখে ছড়িয়ে গেছে মহল্লা-গ্রাম-মফঃস্বল-জেলা। দেশত্যাগের অভিঘাত বদলে দিয়েছে জন-সংস্কৃতির কাঠামো। কথায়-আচারে-উৎসবে-খাদ্যাভ্যাসের ফল্লুধারায় বয়ে চলেছে দশকের পর দশক। জেলা-ওয়াড়ি উদ্বাসনের মানচিত্রে সেই অভিঘাত জানান দেয় পার্টিশনের অন্য এক ‘কথা’।

পশ্চিমবঙ্গ-বাংলাদেশের সীমান্তের চরিত্র বিগত চার-পাঁচ দশক জুড়ে কাহিনি-কথার মধ্যে সৈঁধিয়ে গেছে। ট্রমা-পরবর্তী জীবন ঘিরে থেকেছে বাস্তবের ‘মেটাফোর’। উত্তর-প্রজন্ম সেই ঘেরাটোপের সঙ্গে একাত্ম থেকেই ঢুকে পড়েছে নতুন জীবনে। সমাজ-অর্থনীতির নিয়ত দোলাচল, ওঠানামার মধ্যে রাজনীতির পরিসর তৈরি হয়েছে। উদ্বাস্ত জীবন হয়েছে সেই রাজনীতির গুরুত্বপূর্ণ নোঙর। উদ্বাস্ত জীবন পুনর্গঠনের সংগ্রামী প্রত্যয়, বামপন্থী মতাদর্শের সঙ্গে তার সম্মিলন ঘটেছে এই বাংলায়। আবার মতাদর্শের ক্ষয় থেকে পরিচিতি সত্তার বহুকৌণিক স্বরও উঠে এসেছে। পার্টিশনের মানুষ নিজেকে ‘লুকিয়ে’ রেখেছে—দূরে চলে গেছে স্মৃতি থেকে; এক চিলতে পাট্টার জমিতে জাগিয়ে তুলেছে আগামীর সংসার। বাংলার পরিবার ও তার আশ্চর্য জটিল সংবদ্ধতা পার্টিশন-বাস্তবতাকে ব্যাখ্যার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ হয়ে উঠতে বাধ্য। পরিবার-বাস্তবতার এই চরিত্র সারা বিশ্বের পার্টিশন সাহিত্যের অভিজ্ঞতায় ছিল না। মনস্তাত্ত্বিক সংগঠনের জটিলতা এবং তার চরিত্র বাংলার পার্টিশনে তথ্য সন্নিবেশের জটিল প্রত্যর্কে উহ্য থেকে গেছে। বাংলার আখ্যান ও তার বুননের মধ্যেই রয়ে গেছে তার উত্তাপ।

পশ্চিমবঙ্গে উদ্বাসিত হিন্দু ধর্মাবলম্বী মানুষের বয়ান, বাংলাদেশে উদ্বাস্ত মুসলিম বয়ান এক-একটি আশ্চর্য গল্প—যা একদিকে নিরন্তর লুকোচুরির মধ্যে দিয়ে প্রত্যাখ্যানের মানসকল্প তৈরি করে, অন্যদিকে সম্মিলিত নিটোল কাহিনিকে দিতে

চায় ঐতিহাসিক ভিত্তি। দুই বাস্তবতার প্রত্যক্ষতা নিয়ে ত্রমজটিল আখ্যানরীতি তৈরি হয়ে চলে। পার্টিশন চলমান থাকে এই বাংলায়। নাগরিকত্বের সাম্প্রতিক প্রসঙ্গ জনমানসে সেই পার্টিশনের দেখাটাকেই ফিরিয়ে আনে। বাংলার আখ্যানে সেইসব স্বর-প্রতিস্বরের আশ্চর্য স্বরলিপি ধরা আছে। বাংলার পার্টিশন ‘কথা’ সেই স্বরলিপির অনুবাদ।

তৃতীয় আন্তর্জাতিক আলোচনাচক্র সাধারণ শ্রোতা ও প্রবন্ধ উপস্থাপকদের অংশগ্রহণের আহ্বান জানাচ্ছে। ‘বেঙ্গল পার্টিশন রিপোসিটরি প্রজেক্টের’ নিবন্ধীকৃত গবেষক ব্যতীত সর্বাধিক ৪৫ জন অংশগ্রহণকারীকে সুযোগ দেওয়া সম্ভব।

যে বিষয়গুলির ওপর আলোচনা আহ্বান করা হচ্ছে

বাংলার পার্টিশন-‘কথার’ যে বিষয়গুলি নিয়ে আগ্রহীরা কথা বলতে পারেন

১. ‘সীমান্ত’ / বর্ডার
২. ‘রিফ্যুজি’র ঘর
৩. নাগরিকত্ব
৪. বাংলা কবিতায় প্রতিক্রিয়া

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার প্রকাশনা (২০০০ সালের আগে প্রকাশিত) ও ব্যক্তিক স্মৃতি (’৪৭ ও ’৭১) নিয়ে কথা বলতে পারেন

৫. নদীয়া জেলার লেখালিখি
৬. মুর্শিদাবাদ জেলার লেখালিখি
৭. মালদা-দিনাজপুর জেলার লেখালিখি
৮. জলপাইগুড়ি-কুচবিহার জেলার লেখালিখি

বাংলাদেশের বিভিন্ন জেলায় উদ্ধাসিত মানুষের লেখালিখি ও প্রকাশনা নিয়ে কথা বলতে পারেন

৯. খুলনা-সাতক্ষীরা-যশোর-বাগেরহাট জেলার মানুষের কথা
১০. পাবনা-নাটোর-ময়মনসিংহ-রংপুর-ফরিদপুর জেলার মানুষের কথা
১১. নোয়াখালি ও সিলেটের মানুষের কথা

১২. ঢাকা ও সন্নিহিত জেলার মানুষের কথা
১৩. চট্টগ্রামের মানুষের কথা
১৪. বাংলা পার্টিশন বিষয়ক লেখালিখির ইংরেজি অনুবাদ
১৫. বাংলাদেশী ইংরেজি কথাসাহিত্য
১৬. বাংলার পার্টিশন লেখালিখি সংকলন/সম্পাদনার সমস্যা ও রাজনীতি

উপরোক্ত বিষয়গুলির ওপর ৪০০শব্দের সূচিন্তিত সংক্ষিপ্তসার আপনার কাছে প্রেরিত রেজিস্ট্রেশন ফর্মের সঙ্গে (গুগল ডক্ ফাইল) পাঠাতে হবে; প্রতিটি সংক্ষিপ্তসারের শিরোনামের নীচে উপরোক্ত উপ-বিষয়গুলির ক্রমিক সংখ্যা উল্লেখ বাঞ্ছনীয়। শুধুমাত্র বিশেষ ক্ষেত্রে পাণ্ডুলিপি নেওয়া হবে।

সেমিনার কমিটি সেগুলি বিবেচনা করে ৩০টি সংক্ষিপ্তসারের তালিকা প্রকাশ করবে। এই সংক্ষিপ্তসার নির্ধারিত নিয়ম অনুযায়ী (৭+৩ মিনিট) সেমিনারে উপস্থাপন করতে হবে। পূর্ণ দৈর্ঘ্যের গবেষণাপত্র সেমিনার শেষ হবার ৬০দিনের মধ্যে নির্দিষ্ট ই-মেইল মারফৎ পাঠাতে হবে।

বাংলা ও ইংরেজি ভাষায় সংক্ষিপ্তসার পাঠানো যাবে। যে-কোনো ভাষায় উপস্থাপন করা যাবে।

কোনো অংশগ্রহণকারীর থাকার ব্যবস্থা করা সম্ভব হবে না; তবে নির্ধারিত থাকার ব্যবস্থার ঠিকানা, ওয়েব লিঙ্ক দেওয়া হবে। সেখানে যোগাযোগ করে নিতে পারবেন। কোনো যাতায়াত খরচ দেওয়া সম্ভব হবে না।

রেজিস্ট্রেশন ফি

কলেজ/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/ প্রবন্ধ উপস্থাপক: ১৫০০/- (পশ্চিমবঙ্গ)

স্নাতকোত্তর উত্তীর্ণ ছাত্র/ গবেষক: ৮০০/- (পশ্চিমবঙ্গ)

সাধারণ অংশগ্রহণ: ১০০০/- (পশ্চিমবঙ্গ)

অংশগ্রহণকারী/ প্রবন্ধ উপস্থাপক: (বাংলাদেশ ও বিদেশি)— ৪০০০/-

অথবা ৬০ ডলার

রেজিস্ট্রেশন-ফি'র মাধ্যমে আলোচনাচক্রের প্রতিটি সেশনে প্রবেশাধিকার, লাঞ্চ, রেজিস্ট্রেশন কিট, মুদ্রিত এবস্ট্রাক্ট বুক প্রদত্ত হবে।

গোলটেবিল অধিবেশন

সেমিনারের দ্বিতীয় দিন বেঙ্গল পার্টিশন রিপোসিটরির সঙ্গে সংযুক্ত প্রবীন মানুষদের সঙ্গে আগ্রহী প্রতিনিধি মতবিনিময় সভা আয়োজিত হবে। অংশ নেবেনঃ বাগেরহাট সমিতি, নোয়াখালি সমিতি, অনিল সিংহ শতবর্ষ স্মারক সমিতি, ইউ সি আর সি, হিলি নাগরিকবৃন্দ, শিকড়ের সন্ধানে এবং অন্যান্য জনসমষ্টির উদ্যোগ আলোচনা অংশ নেবেন।

লেখক/সম্পাদকের মুখোমুখি

প্রতিনিধিদের সঙ্গে মুখোমুখি কথা হবে লেখকের। চলবে প্রশ্নোত্তর পর্ব। লেখকের গ্রন্থ-পাঠের অভিজ্ঞতা বিনিময় করবেন প্রতিনিধিরা। সুনির্দিষ্ট প্রশ্ন আগে পাঠাতে হবে।

পার্টিশন লেকচার সিরিজ

‘সেন্টার ফর ল্যান্ডস্কেপ, ট্রান্সলেশন এণ্ড কালচারাল স্টাডিজ’ পার্টিশন গবেষণা প্রকল্পটিকে সামনে রেখে পার্টিশন লেকচার সিরিজের আয়োজন করে আসছে। তৃতীয় আন্তর্জাতিক পার্টিশন সেমিনার উপলক্ষ্যে দশম ও একাদশ লেকচার আয়োজিত হবে। ‘কেমব্রিজ ইউনিভার্সিটি প্রেসে’র সহযোগিতায় বক্তৃতা দুটি আয়োজিত হচ্ছে।

দশম পার্টিশন বক্তৃতা প্রদান করবেন অধ্যাপক তপোধীর ভট্টাচার্য, প্রাক্তন উপাচার্য, আসাম বিশ্ববিদ্যালয়।

একাদশ পার্টিশন বক্তৃতা প্রদানে সম্মত হয়েছেন অধ্যাপক ফকরুল আলম, ইংরেজি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

দ্বাদশ বক্তৃতা প্রদান করবেন অধ্যাপিকা নন্দিনী ভট্টাচার্য, ইংরেজি বিভাগ, বর্ধমান বিশ্ববিদ্যালয়।

তৃতীয় আন্তর্জাতিক পার্টিশন সেমিনার উপলক্ষ্যে একটি বিশেষ বক্তৃতা প্রদানে সম্মত হয়েছেন বিশিষ্ট সাংবাদিক ও ‘দ্য ডেইলি স্টার’, ঢাকার সম্পাদক মাহফুজ আনাম।

প্রজেক্ট প্রেজেন্টেশন

বিগত তিন বছর ধরে এই প্রকল্পের গবেষকরা সাক্ষাৎকার গ্রহণের যে কাজ করেছেন সেগুলির কয়েকটি উপস্থাপন করবেন গবেষকরা। প্রকাশিত হবে সাক্ষাৎকার গুলি ও অন্যান্য সংগৃহিত উপাদানের ক্যাটালগ।

প্রস্তাবিত গবেষণাপত্র উপস্থাপন

এই সেমিনারে সর্বমোট দুটি/তিনটি অধিবেশনে নির্বাচিত গবেষণাপত্র উপস্থাপন করবেন নিবন্ধীকৃত অংশগ্রহণকারীরা। বাংলা ও ইংরেজি ভাষার উপস্থাপন পৃথক অধিবেশনে হবে। প্রজেক্টের ও অন্যান্য ব্যবস্থা থাকবে। উপস্থাপকরা প্রত্যেকে ৭+৩ মিনিট সময় পাবেন। প্রত্যাশা থাকবে সূত্রাকারে/পিপিটির মাধ্যমে উপস্থাপকরা তাঁদের সুচিন্তিত বক্তব্য তুলে ধরবেন। এই সেমিনার উপরোক্ত বিষয় ও উপ-বিষয়গুলির ওপর সুনির্দিষ্ট বক্তব্য শুনতে আগ্রহী। তিনটি নির্বাচিত উপস্থাপন পুরস্কৃত হবে। পুরস্কারের অর্থমূল্য ভারতীয় মুদ্রায় যথাক্রমে ৩০০০, ২০০০ এবং ১০০০ টাকা।

প্রকল্প সেমিনার বিষয়ে বিস্তারিত পাওয়া যাবে ওয়েবসাইটে www.cltcsnsou.in

মননকুমার মণ্ডল

অধিকর্তা, মানববিদ্যা অনুশদ ও

কোওর্ডিনেটর, ভাষা, অনুবাদ ও সংস্কৃতি চর্চা কেন্দ্র

ABOUT THE BENGAL PARTITION REPOSITORY

‘The Centre for Language, Translation and Cultural Studies’ under Netaji Subhash Open University has taken up an initiative to develop a digital repository titled Bengal Partition. The initiative had initially begun materializing through an International Conference organized during 8-10 February in 2014. Thereafter an effort was taken to spread this Research Project among many, surmounting the institutional constraints of the U.G.C Research Project (2015-16 and 2016-17). Utilizing the advantageous arena of an Open University, collaborative endeavours were taken up with other Universities of West Bengal and also of Bangladesh. The main objective was to collect the memories, writings and personal memorials of people having the experience of the years 1947 and 1971. Taking a significant departure from the usual practice of ‘archival documentation’ of Humanities at the inter institutional level, there has been an effort to build a repository about Bengal Partition- certainly a process which can never claim a conclusion ever. About 50 interested Researchers, teachers and Professors from the various districts of West Bengal have worked tirelessly in this initiative. It is now time to open and bring to the limelight a significant chapter of this entire endeavour. It is perhaps important to do so for the sake of carrying this work ahead.

ABOUT THE CONFERENCE

The third International Conference has been titled ‘Partition Katha’. Do the realities hidden in the multiple layers of the Bengal Partition saga,- the agony of the broken lives- of the immeasurable love for life of the destitute who has been able to rebuild from the fragments, indicate a new trend in Bengali Literature? What kind

of cues does the saga of Bengal Partition carry beyond the much known and seen paradigm of the Indian Partition stories? How does the memory of the thrice, back to back Partition of Bengal create a new significance of the expression 'refugee' in Bengal – that which surmounts the literary meaning of the 'foreign' word 'refugee' taken as a loan in the Bengali language- In those memories and narratives of Bengal Partition where the woman breaks her 'silence' into smithereens and comes out into the wider world to grow and become a 'modern' human being.

In the Bengali Literature of the Partition and its various writings there has remained a deliberate apathy or in the motivated and evolving context of Bengali Language and there seems to be an imbalance in perspectives between that of Bangladesh and West Bengal. For various reasons the narratives of Bengal Partition have changed with the rebuilding of new lives. In the multiplicity of languages in India, the peculiar position of the Bengali language has influenced the Partition studies. There is no 'Kashmir' at the borders of Bengal—In the love that has flowed everlastingly along the waters; the movements to and fro, trade and commerce, and endless interactions, it is the Bengali language that has been effective and had retained its inevitable existence. There are memories and forgetting, envies and grudges, rumours have given rise of panicked groans which have filled the suburbs and the districts. The impact of Partition has changed the pattern of human tradition. In people's language, in their rituals and festivals in their food habits, the Partition flows as a never-ending stream, decades over decades. In the cartography of the evacuation of districts and wards and the implied conflict conveys a different 'katha' of Partition.

The characteristics of India –Bangladesh Border over the past

four-five decades has penetrated into the stories and 'Kathas' of Partition. Life after the 'trauma' is surrounded by the 'metaphor' of reality. The next generation has entered into new lives having had close affinities with that cloistered existence. The scope of Politics has been framed through the regular oscillations and upheavals of the society and economy. The refugee life is a significant anchor of this politics. The determined struggle to rebuild the refugee life has found its congruity with the leftist viewpoint in Bengal. Again the denuding perspectives have given rise to polyphonic voices of the subjective self and identity. The people of Partition have hidden themselves- they have moved away from the memories- in a slice of 'patta' land they have build their future homes. The Bengali family and its surprisingly complex cohesiveness is bound to become an important tool in interpreting the Partition reality- The practical nature of the family- this idiosyncrasy was never an experience of Partition Literature of the entire world. The complexity of psychological organization and its nature had not been referred to in the dense and mazelike corpus of the facts of Partition. Its warmth has remained captured in tight knit tales of Bengal.

The words of the Hindus evacuated into West Bengal, the words of the Refugees in Bangladesh are each in themselves surprising tales- those which imagine a tale of spurning and refusal through continuous play of hide and seek—again those which try to authenticate the tales of communal harmony. In the manifestation of these dual realities is woven the narrative which gradually grows in complexity. Partition remains a process in Bengal. Recent references to citizenship bring back those perspectives of Partition among the human minds. In the narratives of Bengal are frozen the notes of those dialectics of oppositional voices. Bengal Partition

'Katha' is the reverberation of those notations.

The Third International Conference invites participation of audience and paper –presenters. A maximum of 50 participants can be accommodated, apart from the registered participants of the 'Bengal Repository Project'.

PRESENTATIONS ARE INVITED ON THE FOLLOWING TOPICS

**Those aspects of Bengal partition-'katha' on which
interested participants can talk are**

1. Border
2. Refugees'- home
3. Citizenship
4. The impact of Partition on Bengali Poetry
5. Publications of the various districts of Bengal (Those published before 2000) and personal memories ('47 and '71) may be discussed
6. Publications and writings of the people migrated to/ from various districts of Bangladesh may be discussed
7. Translation of English pieces related to Partition
8. English novels/stories/ prose writings of Bangladesh
9. The politics and problems of editing and anthologizing writings related to Bengal Partition.

Well thought out abstracts (within 400) words are to be send along with the registration form (Google doc file) mailed to you. It is desirable that the topic number be mentioned below the title of the abstract. Only in special cases will the manuscript be invited. The seminar committee will publish a list of 30 abstracts after careful consideration.

SEMINAR ROUND TABLE

An interactive session of interested representatives with the senior and veteran people associated with the Partition Repository, will be arranged on the second day of the conference. Participants will be : Bagerhaat Samity, Noakhali Samity, Anil Sinha Birth Centenary Commemorative Committee, UCRC representatives, Peoples from Hili, 'Shikarer Sandhane' and others..

IN CONVERSATION WITH AUTHORS AND EDITORS

Representatives will have a face to face interaction with the authors to be continued with Question- Answer sessions. Representatives will share experiences of their reading of the author's works- Well-thought out and focused questions to be mailed earlier.

PARTITION LECTURE SERIES

The 'Centre for Language and Cultural Studies' has been organising Partition Lecture series keeping in mind the Partition Research Project. The 10th and 11th Partition Lectures will be delivered at the third International Partition Seminar. The lectures are being sponsored by ' Cambridge University' Press.

The tenth Partition lecture will be delivered by Professor Tapodhir Bhattacharya, ex-Vice-Chancellor, Assam University.

Professor Fakrul Alam, Department of English, Dhaka University has given his kind consent to deliver the eleventh Partition lecture.

Twelfth Lecture of this series will be Delivered by Professor Nandini Bhattacharya.

Mr Mahfuz Anam, Editor, The Daily Star, Dhaka has consented to deliver a special talk in this auspicious occasion.

PROJECT PRESENTATION

Some of the interviews taken by the Researchers of this Project over the past three years will be presented at this conference. The interviews and the catalogues of other collected materials will be published.

PRESENTATION OF PROPOSED RESEARCH PAPERS

Registered participants will be presenting their Research Papers in a maximum of three sessions at this conference. Presentations in English and Bengali will be in separate sessions. Facilities for Power Point Presentation and others will be available. The Presenters will get 7+3 minutes of Presentation time. It is expected that the presentation be made through a PPT mode with a focused and rational opinion progressing through logical cues. The conference is interested to listen to well organized deliberations on the above topics and sub-topics.

Three selected presentations will be awarded cash prizes. The amount of the cash prizes will be 3000, 2000 and 1000 INR respectively.

SUBMISSION GUIDELINES

Kindly submit the abstract on the above mentioned selected themes in about 400 words (Times New Roman, Font size 12) with 4-5 Keywords in the google form which will be provided after the initial communication via email. Only thirty abstracts will be selected for

presentation. The time limit for each paper presentation is (7+3) Minutes. The language of the abstract is English/Bangla.

We will request you send your full-length paper after sixty days of the seminar for publication and editing. Selected papers will be published later on as the second BPR project book.

REGISTRATION FEES

**Includes conference kit, tea and lunch during
the days of the conference**

College/ University Faculty/ Paper Presenters: 1500/- (India)

Research scholars and students: Rs. 800/-

General Participants without Paper Presentation: 1000/-
(India)

International Participants and Paper Presentation:

Bangladesh/ Other Countries (4000/- Rupees or 60
Dollar)

In case of joint papers, both the authors need to register separately. No accommodation will be provided by the organizer. However, guidance will be provided for arranging accommodation. We will not able to provide any TA/DA for attending the conference.

For details log on to www.cltcnsou.in

Manan Kumar Mandal
Director, School of Humanities &
Coordinator, CLTCS, NSOU

3rd International Partition Seminar

Bengal Partition



29th February &
1st March, 2020

'Katha' Refugee, Border, Citizenship &
Memories in Literature

Inauguration of
www.cltcnsou.in

Bengal Partition Repository

A Digital Repository on
Bengal Partition

Debes Ray
Prafulla Ray
Mahfuz Anam
Tapodhir Bhattacharya
Fakrul Alam
Amar Mitra

Centre for Language, Translation
& Cultural Studies
Netaji Subhas Open University

* Admission by invitation only

DD26, Sector 1,
Salt Lake City, Kolkata 64



ALLAHABAD BANK



CAMBRIDGE
UNIVERSITY PRESS